



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০৮.২০২৩/২৭৫৭


তারিখ: ২১/০১/২০২৪ খ্রি.

বিষয়: সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন সোনার বাংলা ডিগ্রি কলেজের জালসনদধারী, দূরভিসন্ধিমূলক ও উদ্দেশ্য প্রণোদিত কার্যকলাপে জড়িত থাকায় প্রভাষক (মনোবিজ্ঞান) জনাব তৌহিদুর রহমান (ইনডেক্স-৮০৮১৯৮১) এর কারণ দর্শানোর নোটিশ।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.০৯৯.০০৩.২১.১০২; তারিখ: ১৮/০৫/২০২৩ খ্রি.
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০৮.২০২৩/৩৮০৮/১৩; তারিখ: ২০/০৭/২০২৩ খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.০৯৯.০০৩.২১.২৫০; তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১নং সূত্রোক্ত পত্রের (ক্রমিক-৪২৫) নির্দেশনা অনুযায়ী যথাযথ প্রক্রিয়ায় ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে এ অধিদপ্তর কর্তৃক সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন সোনার বাংলা ডিগ্রি কলেজের প্রভাষক (কৃষি) জনাব তৌহিদুর রহমান (ইনডেক্স-৩০৮৩৭৯৩) এর বেতন-ভাতা সাময়িকভাবে স্থগিত (Stop Payment) করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ৩নং সূত্রোক্ত পত্রে জানা যায় যে, একই কলেজের প্রভাষক (মনোবিজ্ঞান) জনাব তৌহিদুর রহমান (ইনডেক্স-৮০৮১৯৮১) জালসনদধারী হওয়া সত্ত্বেও দূরভিসন্ধিমূলক ও উদ্দেশ্য প্রণোদিতভাবে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন ও নিরীক্ষাকালীন সময়ে কর্মরত শিক্ষক ও অন্যান্য কর্মচারী সংক্রান্ত তথ্যবলী ফরম (সংযোজনী-৪ ফরম) পূরণকালে প্রভাষক (কৃষি) এর ইনডেক্স ব্যবহার করে ফরম পূরণ করেন। তার এ ধরণের দূরভিসন্ধিমূলক ও উদ্দেশ্য প্রণোদিত কার্যকলাপের কারণে একই প্রতিষ্ঠানের প্রভাষক(কৃষি) জনাব তৌহিদুর রহমান(ইনডেক্স-৩০৮৩৭৯৩) এর বেতন-ভাতা বন্ধ হয়ে যায় এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তার এহেন কার্যক্রমের জন্য প্রভাষক (মনোবিজ্ঞান) জনাব তৌহিদুর রহমান, ইনডেক্স-৮০৮১৯৮১ এর বিরুদ্ধে নিম্নবর্ণিত ব্যবস্থা কেন গৃহীত হবেনা সেবিষয়ে ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১) জাল সনদধারী শিক্ষক/কর্মচারীদের এম.পি.ও বন্ধ এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে চাকুরীচ্যুত করা;
- ২) অবৈধভাবে গ্রহণকৃত সমুদয় বেতন-ভাতা সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- ৩) জাল সনদধারী হওয়া এবং দূরভিসন্ধিমূলক তথ্যবলী ফরম (সংযোজনী-৪ ফরম) পূরণকালে প্রভাষক (কৃষি) এর ইনডেক্স ব্যবহার। কাজের জন্য তার বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ফৌজদারী অপরাধের মামলা দায়ের;
- ৪) জাল সনদধারীদের নিয়োগ কার্যক্রমের সাথে জড়িতদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩), ফোন: ৯৫৫৬০৫৭
Email: ncollege@dshe.gov.bd

জনাব তৌহিদুর রহমান
প্রভাষক (মনোবিজ্ঞান)
সোনার বাংলা ডিগ্রি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা]
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাউশি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা (প্রাপক কর্তৃক পত্রপ্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ)
৫. সভাপতি, গভর্নিং বডি, সোনার বাংলা ডিগ্রি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা (মতামত প্রদানের অনুরোধসহ)
৬. অধ্যক্ষ, সোনার বাংলা ডিগ্রি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা (ব্যাখ্যা প্রদানের অনুরোধসহ)
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা
৮. জনাব তৌহিদুর রহমান, প্রভাষক (মনোবিজ্ঞান), সোনার বাংলা ডিগ্রি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা
৯. সংরক্ষণ নথি।